

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ১৫. মিসরীয় প্রথম সন্তানদের হত্যা উপলক্ষ ঈদ পালন

বাইবেলের সবচেয়ে বড় পর্ব বা ঈদ 'নিস্তার-পর্ব' বা 'উদ্ধার-ঈদ' (Passover)। যে রাত্রিতে ঈশ্বর মিসরের সকল মানুষের সকল প্রথম পুত্র এবং সকল প্রাণির সকল প্রথম সন্তান হত্যা করেন সে রাত্রিতে এ মহা-হত্যাযজ্ঞ উপলক্ষ এ ঈদ পালন করা হয়। এ রাত্রিতে প্রত্যেক বাইবেল অনুসারী একটা নিখুঁত ভেড়া জবাই করে কিছু মাংস ভক্ষণ করবে এবং বাকি মাংস পুড়িয়ে ফেলবে। (যাত্রাপুস্তক ১২/১-২০) নির্বিচার নিরপরাধ শিশু ও পশুর গণহত্যাকে ধর্মীয় ঈদ বানানোকে কেউ কেউ অমানবিক বলে গণ্য করেছেন। গ্যারি ডেভানি লেখেছেন:

"Today, many religions celebrate Passover, the night God murdered all first-born Egyptian babies. The Israelites were directed to slaughter young lambs, without blemish, and spread their blood on their door-posts so God could determine who to murder and who not to. 'The Passover' was what Jesus Christ was celebrating when Pilate took Him away to be crucified. How can anyone 'sane' today celebrate this absurdity called 'The Passover'? Wouldn't only a racist celebrate Passover? Isn't it immoral to inflict pain on helpless creatures? This God has Moses make a request for His people to leave Egypt. Pharaoh agrees, then God forces Pharaoh to disagree. Then God punishes and tortures all Egyptians, murders all their first-born babies and destroys their livestock; all, just to let everybody know who is boss (God) around here. The Biblical God is not a good God and the Bible is not a good model for humanity."

"যে রাত্রিতে ঈশ্বর মিসরের সকল 'প্রথমজাত' শিশুকে হত্যা করেন সে রাত্রি উপলক্ষ্য বর্তমানে অনেক ধর্ম 'উদ্ধার-ঈদ' পালন করে। বনি-ইসরাইলকে নির্দেশ দেওয়া হয় যে, তারা নিখুঁত ভেড়ার বাচ্চা জবাই করবে এবং সেগুলোর রক্ত তাদের দরজায় ছিটিয়ে দেবে, কাকে হত্যা করতে হবে এবং কাকে হত্যা করতে হবে না তা যেন রক্ত দেখে ঈশ্বর চিনতে পারেন। এ 'উদ্ধার-ঈদ' পালন করার সময়েই যীশু খ্রিষ্টকে ধরে পীলাতের নিকট সমর্পণ করা হয় এবং ক্রুশে দেওয়া হয়। কোনো বুদ্ধিমান মানুষ কি বর্তমানে উদ্ধার-ঈদ নামক এ উদ্ভট বিষয়টা পালন করতে পারেন? একমাত্র বর্ণবাদী জাতিবৈষমেয় বিশ্বাসী ছাড়া কেউ কি উদ্ধার-ঈদ পালন করতে পারেন? … অসহায় সৃষ্টিকে কষ্ট দেওয়া কি অনৈতিক নয়? বাইবেলের ঈশ্বরের নির্দেশে মোশি ঈশ্বরের নিজস্ব প্রজা বনি-ইসরাইলকে ছেড়ে দেওয়ার জন্য ফেরাউনকে অনুরোধ করলেন। ফেরাউন মেনে নিলেন। তখন ঈশ্বর ফেরাউনকে অমত করতে বাধ্য করলেন। এরপর ঈশ্বর সকল মিসরবাসীকে নির্যাতন করলেন। তাদের সকল প্রথমজাত শিশুকে হত্যা করলেন এবং তাদের প্রাণিসম্পদ ধ্বংস করলেন। সব কিছু করলেন শুধু একটা উদ্দেশ্যে: যেন সবাই জানে যে, বস বা মালিক কে। … বাইবেলের ঈশ্বর ভাল ঈশ্বর নন এবং বাইবেল মানবতার জন্য ভাল আদর্শ নয়।"[1]



ফুটনোট

[1] Exodus: http://www.thegodmurders.com/id29.html

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14278

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন